

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৩২

আগরতলা, ১৬ মার্চ, ২০২৪

১৯ এপ্রিল ৭-রামনগর বিধানসভা আসনের উপনির্বাচন

ভারতের নির্বাচন কমিশন আজ ৭-রামনগর বিধানসভা আসনের উপনির্বাচনের নির্ধারিত ঘোষণা করেছে। ভারতের নির্বাচন কমিশনের নির্ধারিত অনুসারে আগামী ১৯ এপ্রিল, ২০২৪ (শুক্রবার) ৭-রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোটগ্রহণ করা হবে। ২০ মার্চ, ২০২৪ (বুধবার) নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হবে। প্রার্থীদের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন হচ্ছে ২৭ মার্চ, ২০২৪ (বুধবার)। মনোনয়নপত্র পরীক্ষা নিরীক্ষা করা হবে ২৮ মার্চ, ২০২৪ (বৃহস্পতিবার)। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে ৩০ মার্চ, ২০২৪ (শনিবার)। ভোটগণনা করা হবে ৪ জুন, ২০২৪ (মঙ্গলবার)। নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হবে ৬ জুন, ২০২৪ (বৃহস্পতিবার)-এর আগে। অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উসা জেন মগ এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*